



কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা ২০১৬

গত ৩১শে জুলাই ২০১৬ সিডনির মিন্টোস্থিত রন মোর কমিউনিটি সেন্টারে ২০১৪-২০১৬র কার্যকরী কমিটি বিলুপ্তি এবং নুতন কার্যকরী কমিটি (২০১৬-২০১৮) নির্বাচনের মধ্য দিয়ে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। সংগঠনের সভাপতি জনাব করিম ইকবালের সভাপস্থিতে এবং সাধারণ সম্পাদক জনাব আবুল সরকারের সঞ্চলনায় অনুষ্ঠানটি পরিচালিত হয়। দুপুর সাড়ে ১২টায় অনুষ্ঠানের শুরুতে সভাপতির স্বাগত বক্তব্যের পর বার্ষিক সাধারণ সভা ২০১৫র কার্যবিবরণী অনুমোদন ও সাধারণ সম্পাদকের প্রতিবেদন উপস্থাপন করা হয়। কোষাধ্যক্ষ জনাব হাফিজ রহমান এরপরে বাৎসরিক আয় ব্যয়ের হিসাব অনুমোদনের জন্যে উপস্থাপন করেন।

মুক্ত আলোচনা পর্বে কৃষিবিদ অস্ট্রেলিয়া-র স্থায়ী সদস্য পদ বৃদ্ধি, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে “কৃষিবিদ অস্ট্রেলিয়া বৃত্তি” কর্মসূচি বাস্তবায়ন, কৃষিবিদ অস্ট্রেলিয়া কর্তৃক ভূমি ক্রয় এবং সেখানে অস্ট্রেলিয়ায় বসবাসরত কৃষিবিদদের জন্যে প্রবীণ নিবাস নির্মাণের সম্ভবনা যাচাই, প্রয়াত কৃষিবিদ পরিবারের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করা, ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং পরবর্তী কার্যকরী কমিটিকে প্রয়োজনীয় পদক্ষেপের জন্যে সিদ্ধান্ত হয়। আলোচনায় অংশগ্রহণ করেন জনাব আবুল সরকার, জনাব উসমান গনি, ড: মাকসুদুল বারি, জনাব এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল, ড: শাহনাজ পারভেজ শিল্পী, জনাব আব্দুল জলিল, জনাব আতিক রহমান, ড: মোশারফ চৌধুরী, ড: আনিসুল আফসার, ড: মাসুদ পারভেজ, জনাব শামীম হাসান এবং ড: নার্গিস বানু।

মধ্যাহ্ন ভোজের পরে অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সভাপতি জনাব করিম ইকবাল ২০১৪-২০১৬র কার্যকরী কমিটির বিলুপ্তি ঘোষণা করেন এবং নির্বাচন কমিশনার জনাব মোতাহার হোসেনকে ২০১৬-২০১৮র নুতন কার্যকরী কমিটি গঠনের কার্যক্রম

পরিচালনার জন্য আহ্বান জানান। কার্যকরী কমিটির প্রতিটি পদের জন্যে একজন করে বৈধ মনোনয়নপত্র দাখিলকৃত প্রার্থী থাকায় নির্বাচন কমিশনার জনাব মোতাহার হোসেন প্রার্থীদের সবাইকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করেন। এরপরে জনাব হোসেন নুতন কার্যকরী কমিটির সদস্যদের একে একে মঞ্চে ডেকে বার্ষিক সাধারণ সভায় উপস্থিত সবার সাথে পরিচয় করিয়ে দেন এবং কৃষিবিদ অস্ট্রেলিয়া-র উত্তরোত্তর সাফল্য কামনা করেন।

নব-নির্বাচিত সাধারণ সম্পাদক ড: মাসুদ পারভেজ তাঁর শুভেচ্ছা বক্তব্যে পূর্ববর্তী কার্যকরী কমিটির সাফল্যের প্রশংসা এবং কৃষিবিদ অস্ট্রেলিয়া-র বিভিন্ন দিক নিয়ে আলোকপাতের পাশাপাশি আগামী দিনের গুরুত্বপূর্ণ কর্মসূচির ঘোষণা দেন। ড: পারভেজ অস্ট্রেলিয়ায় বসবাসরত কৃষিবিদদের সবার সহযোগিতায় ঐক্যবদ্ধভাবে কাজ করার আশা রেখে উপস্থিত সবাইকে ধন্যবাদ জানান। নব-নির্বাচিত সভাপতি ড: মাকসুদুল বারি তাঁর বক্তব্যে “কৃষিবিদ অস্ট্রেলিয়া বৃত্তি” কর্মসূচি বাস্তবায়নের ওপর গুরুত্ব আরোপ করেন এবং পূর্ববর্তী কার্যকরী কমিটিসহ সবাইকে ধন্যবাদ জানিয়ে বিকাল ৪টায় অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

নুতন কার্যকরী কমিটি (২০১৬-২০১৮) :

সভাপতি	ড: মাকসুদুল বারি
সহ সভাপতি	মো: উসমান গনি
সাধারণ সম্পাদক	ড: মাসুদ পারভেজ
সহ সাধারণ সম্পাদক	জিয়াউল হক বাবলু
কোষাধ্যক্ষ	ড: আনোয়ারুল ইসলাম বকসি
ক্রীড়া সম্পাদক	জাহেরুল ইসলাম
সাংস্কৃতিক সম্পাদক	এ কে এম ফারুক
জনসংযোগ সম্পাদক	সৈয়দ সিরাজুল ইসলাম

কার্যনির্বাহী সদস্য :

ড: হানিফ মিয়া ঝিলু
হাফিজ রহমান
ড: রঞ্জনা সরকার ছবি

ড: ফারুক আহমেদ
এ ওয়াই এম তোজাম্মেল হক মুকুল
করিম ইকবাল
মো: রবিউল হক

সৈয়দ সিরাজুল ইসলাম, জনসংযোগ সম্পাদক, কৃষিবিদ অস্ট্রেলিয়া কর্তৃক প্রচারিত।